

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৬ মার্চ ২০২৪

স্বাধীনতা সংগ্রামে চট্টগ্রামের ভূমিকা ঐতিহাসিক: মেয়র রেজাউল

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে চট্টগ্রামের ঐতিহাসিক ভূমিকা থাকলেও পর্যাপ্ত গবেষণা ও প্রচারের অভাবে জনগণের কাছে পৌছেনি বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ভোরের আলো ফোটার সাথে সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজ প্রাঙ্গনস্থ শহিদ মিনারে পুস্পত্বক অপর্ণ করেন মেয়র।

এসময় মেয়র বলেন, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে চট্টগ্রামে ভূমিকা ঐতিহাসিক। শুধু নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধ নয়, স্বাধীনতা আন্দোলনের পটভূমি তৈরি করতে চট্টগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। ১৯৬৬ সালের ২৫ ফেব্রুয়ারি চট্টগ্রামের লালদীঘি মাঠে আওয়ামী জীবের ডাকে বিশাল জনসভায় প্রথম জনতার সামনে বঙ্গবন্ধু ছয় দফা কর্মসূচির ঐতিহাসিক ঘোষণা প্রদান করেন। কালুরঘাট বেতারকেন্দ্র থেকে জাতির পিতার স্বাধীনতার ঘোষণা ছড়িয়ে পড়ে সারাদেশে। পাকিস্তানিদের ভিত কঁপিয়ে দেয়া অপারেশন জ্যাকপট যার মাধ্যমে পাকিস্তানিদের তিনটি বড় অস্ত্রবাহী জাহাজ পানিতে তলিয়ে যায় তাও পরিচালিত হয় চট্টগ্রাম বন্দরে।

“তবে, পর্যাপ্ত গবেষণা ও প্রচারের অভাবে চট্টগ্রামের এতসব ঐতিহাসিক ভূমিকা ও অর্জন জনগণের কাছে সেভাবে পৌছেনি। তরুণদের প্রতি আমাদের অনুরোধ গবেষণা ও প্রচারের মাধ্যমে মুক্তিযুদ্ধে চট্টগ্রামের এই ঐতিহাসিক ভূমিকার কথা জনতার কাছে ছড়িয়ে দিতে। যে চেতনাকে ধারণ করে মুক্তিযুদ্ধ হয়েছিল, সে চেতনাকে শাপিত করে সামনে এগিয়ে যেতে হবে তরুণদের।”

এরপর টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুলেল শুন্দা জানান মেয়র। এসময় চসিক কার্যালয়ে বঙ্গবন্ধু কর্মারের উদ্বোধন করেন মেয়র। এ কর্মারে বঙ্গবন্ধুর লেখা তিনটি বই- অসমাপ্ত আতজীবনী, কারাগারের রোজনামচা, আমার দেখা নয়াটান রাখা হয়েছে সারি সারি করে। এছাড়া, বঙ্গবন্ধুর বিখ্যাত সব উক্তি দিয়ে সাজানো হয়েছে দেয়াল। চসিকে আসা সেবাগ্রহীতারা অগ্রেশ্বরী অবস্থায় বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কে জেনে নিতে পারবেন নানা কিছু এ কর্মার থেকে।

এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম, প্যানেল মেয়র গিয়াস উদ্দিন চৌধুরী, শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও কাউন্সিলর নেছার উদ্দিন আহমেদ মঙ্গে, সমাজকল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি আবদুস সালাম মাসুম, নূরুল আমিন, গোলাম মোঃ জোবায়ের, সলিম উল্ল্যাহ, আবুল হাসনাত মো. বেলাল, আবদুল মাল্লান, ওয়াসিম উদ্দিন চৌধুরী, নূর মোস্তফা চিন্দু, আনজুমান আরা, ভারপ্রাপ্ত সচিব নজরুল ইসলাম, প্রধান পরিচয় কর্মকর্তা লতিফুল হক কাজমি, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইয়াম হোসেন রানা, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আকবর আলী, ফরহাদুল আলম, আঘাতিক নির্বাহী কর্মকর্তা রেজাউল করিম, নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা, শিক্ষা কর্মকর্তা রাশেদা আক্তার, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলামসহ সিবিএ নেতৃবন্দ, কর্মকর্তা-কর্মচারীবন্দ, চসিকের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবন্দ এবং রাজনৈতিক ও সাংস্কৃতিক নেতৃবন্দ।

চসিকের স্বাধীনতা স্মারক সম্মাননা পেলেন ১০জন

নানা ক্ষেত্রে অবদান রাখার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মহান স্বাধীনতা স্মারক সম্মাননা পদক-২০২৪ পেয়েছেন ১০ জন। মঙ্গলবার বিকালে নন্দনকাননস্থ থিয়েটার ইস্টিউটিউটে সম্মাননা পদকপ্রাপ্তরা হলেন মহান মুক্তিযুদ্ধে শহীদ স্বপন চৌধুরী (মরগোত্তর), স্বাধীনতা আন্দোলনে জাহান আরা আঙ্গুর (মরগোত্তর), চিকিত্সায় ডা. মো. এখনাস উদ্দিন (মরগোত্তর)। ক্রীড়ায় জর্জ ম্যাকওয়া (মরগোত্তর), শিক্ষায় অধ্যাপক মোহাম্মদ ফজলুল হক, সংগীতে সৈয়দ মহিউদ্দিন, শিল্প উন্নয়নে মোহাম্মদ আবদুস সালাম, সমাজসেবায় সৈয়দ মোহাম্মদ মোরশেদ হোসেন, সাংবাদিকতায় ডেইজী মউদুদ, চট্টগ্রামের আঘাতিক ভাষার আন্তর্জাতিকীকরণে মো. আলমগীর অপু।

স্বাধীনতা স্মারক পদক প্রদান ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, দেশ গড়ার কাজে সবাইকে উৎসাহ দিতে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখা ব্যক্তিদের সম্মাননা জানাচ্ছি আমরা। আপনারা দেশপ্রেম দিয়ে, শ্রম দিয়ে, মেধা দিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাবেন এ আমাদের প্রত্যাশা।

“নদীর স্রোতকে যেভাবে বাধা দেয়া যায়না, ইতিহাসকে সেভাবে বাধাগ্রস্ত করা যায়না। বঙ্গবন্ধুর নাম ইতিহাস থেকে মুছে দিতে অনেক অপচেষ্টা হয়েছে কিন্তু সফল হয়নি। বঙ্গবন্ধুর সাতই মার্টের ভাষণ গেরিলাদের জন্য বিশ্বের শ্রেষ্ঠ ভাষণ বলে মনে করিঃ। বঙ্গবন্ধু তার অর্জনের কারণে ইতিহাসে অমর হয়ে আছেন এবং থাকবেন।”

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কাউন্সিলর আবদুস সালাম মাসুম। পদবপ্রাপ্তদের মধ্যে অনুভূতি প্রকাশ করেন অধ্যাপক মোহাম্মদ ফজলুল হক, এশিয়ান এন্ড পের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুস সালাম, ডেইজী মটদুদ। চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলামের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন প্যানেল মেয়ার গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, ভারপ্রাপ্ত সচিব নজরুল ইসলাম, প্রধান পরিচয় কর্মকর্তা লতিফুল হক কাজিমি, মেয়ারের একান্ত সচিব ও প্রধান শিক্ষা কর্মকর্তা আবুল হাশেম, শিক্ষা কর্মকর্তা রাশেদা আক্তার, আবু তালেব বেলাল প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮